

অনূর্ধ্ব-৫০ বিশ্ববিদ্যালয় র‍্যাঙ্কিংয়ে দেশসেরা নর্থ সাউথ

আমাদের সময় ডেস্ক

১৬ মে ২০২৪, ১২:০০ এএম



টাইমস হায়ার এডুকেশনের (টিএইচই) বৈশ্বিক ইয়ং ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংয়ে ২০২৪ সালে বাংলাদেশ থেকে সেরা বিশ্ববিদ্যালয় হিসেবে জায়গা করে নিয়েছে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ)। গত মঙ্গলবার এই র‍্যাঙ্কিং প্রকাশ করে টাইমস হায়ার এডুকেশন।

অনূর্ধ্ব-৫০ বছর বয়সী (বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকাল ৫০ বছর কিংবা তার চেয়ে কম) বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়গুলোকে গণ্য করা হয় এই র‍্যাঙ্কিংয়ে। তালিকায় দেশের প্রথমে থাকা বেসরকারি এই উচ্চ শিক্ষালয়টির (এনএসইউ) অবস্থান ৩০১-৩৫০ এর মধ্যে। ১৯৯২ সালে প্রতিষ্ঠিত এই বিশ্ববিদ্যালয়ের বর্তমান বয়স ৩২ বছর চলমান।

চলতি বছর যুক্তরাজ্যভিত্তিক সাময়িকী 'টাইমস হায়ার এডুকেশন' থেকে প্রকাশিত ইয়ং ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংয়ে দেশের সরকারি-বেসরকারি মিলিয়ে বাংলাদেশের ১৫টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। র‍্যাঙ্কিংয়ে বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষাদান, গবেষণা, জ্ঞান স্থানান্তর ও আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গির ১৮টি সূচক মানদণ্ড হিসেবে গণনা করা হয়েছে। এ ছাড়াও বিশ্ববিদ্যালয়গুলোর মৌলিক লক্ষ্য, পাঠদান ও গবেষণার মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলোও বিবেচনা করা হয়েছে।

টাইমস হায়ার এডুকেশনের তথ্যানুযায়ী, এবার সব মিলিয়ে বিশ্বের ৬৭৩টি বিশ্ববিদ্যালয় এই র‍্যাঙ্কিংয়ে স্থান করে নিতে পেরেছে। এ ছাড়াও চলতি বছর ৪৯৯টি বিশ্ববিদ্যালয় 'রিপোর্টার' হিসেবে তালিকায় স্থান পেয়েছে, যারা তাদের সব ধরনের তথ্য (ডাটা) সরবরাহ করলেও র‍্যাঙ্কিংয়ের মানদণ্ড

পূরণ করতে না পারায় কোনো বৈশ্বিক অবস্থান তৈরি করতে পারেনি।

বাংলাদেশের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছে ব্র্যাক ইউনিভার্সিটি। এ ছাড়া তৃতীয় অবস্থানে আছে খুলনা বিশ্ববিদ্যালয়।

‘টাইমস হায়ার এডুকেশন’ ২০১৯ সাল থেকে ওয়ার্ল্ড ইয়ং ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং প্রকাশ শুরু করে।